



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৮.০০.৯৬৬.১৬- ২৬৯

তারিখঃ ২৩/০৩/২০১৭ খ্রিঃ।

জনাব মোঃ আনোয়ারুল কবীর  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)  
বিআরডিবি, নড়াইল সদর, নড়াইল।

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে উপজেলার প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে কর্মরত হিসাব সহকারী ও মাঠ সংগঠকগণের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা আপনার মূখ্য দায়িত্ব। এছাড়া প্রকল্পভূক্ত সমিতি পরিদর্শনপূর্বক আর্থিক কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিত করাসহ সুফলভোগীদের আয়বর্ধনমূলক কর্মকান্ড তদারকি করা আপনার অন্যতম কাজ। কিন্তু প্রকল্প সদর দপ্তরের কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় নড়াইল সদর উপজেলার মাঠ সংগঠক জনাব মোঃ নূর হেলাল তার ব্লকভূক্ত ১০টি সমিতির সুফলভোগী সদস্যদের নিকট হতে ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত মোট ১২৩৭৬৩/- (এক লক্ষ তেইশ হাজার সাতশত তেষট্টি) টাকা হস্তমজুদ করেন এবং হিসাব সহকারী জনাব এম এ বারী কর্তৃক দীর্ঘদিন যাবত অফিসের হিসাব সংক্রান্ত বিভিন্ন রেজিস্টার, খাতাপত্র ও সফটওয়্যার হালনাগাদ করা হয়নি। প্রকল্প সদর দপ্তরে আপনার প্রেরিত মাসিক সমিতি পরিদর্শন প্রতিবেদনে কোন হস্তমজুদের উল্লেখ না থাকলেও বাস্তবে আপনার পরিদর্শনকৃত ০৬ টি সমিতিতে হস্তমজুদের ঘটনা উদ্ঘাটিত হয়। এতে প্রতীয়মান হয় যে, যথাযথভাবে মাঠ সংগঠকের কার্যক্রম তদারকি না করায় আপনি হস্তমজুদের বিষয়টি উদঘাটন করতে ব্যর্থ হয়েছেন; যা স্বীয় দায়িত্ব পালনে আপনার চরম অবহেলা, গাফিলতি ও অদক্ষতার পরিচয় বহন করে।

এমতাবস্থায়, আপনার দায়িত্বে অবহেলা, গাফিলতি, অদক্ষতা ও অফিস শৃঙ্খলা পরিপন্থী কাজের জন্য কেন প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা  
উপ প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ নড়াইল সদর জেলাঃ নড়াইল।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।